# ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি
## মোবাইল ব্যাংকিং ডিভিশন
## ডিজিটাল ব্যাংকিং উইং, প্রধান কার্যালয়, ঢাকা।

সার্কুলার লেটার নং: আইবিবিপিএলসি/ডিবিডব্লিউ/এমবিডি/১৭০৩ তারিখ: ২১.০৯.২০২৬

সকল জোন প্রধান
সকল শাখা প্রধান ও উপশাখা ইনচার্জ
সকল এমক্যাশ ডিস্ট্রিবিউটর
ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি।

**বিষয়: বায়তুল মোকাররম জাতীয় মসজিদ প্রাঙ্গণে অনুষ্ঠিতব্য "আন্তর্জাতিক ইসলামী বইমেলা -২০২৬" উপলক্ষে mCash-এর মাধ্যমে Bangla QR লেনদেনে তাৎক্ষণিক ৫% ক্যাশব্যাক ক্যাম্পেইন চালু প্রসঙ্গে।**

মুহ্‌তারাম,
আস্‌সালামু আলাইকুম ।

ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি'র ডিজিটাল ব্যাংকিং উইং-এর অধীন মোবাইল ব্যাংকিং ডিভিশনের উদ্যোগে "আন্তর্জাতিক ইসলামী বইমেলা-২০২৬" উপলক্ষে একটি বিশেষ ক্যাশব্যাক ক্যাম্পেইন চালু করা হচ্ছে। ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ কর্তৃক আয়োজিত এ বইমেলা বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব ও দক্ষিণ চত্বরে অনুষ্ঠিত হচ্ছে। বইমেলার মার্চেন্ট আউটলেটসমূহে mCash-এর মাধ্যমে Bangla QR ব্যবহার করে বইয়ের মূল্য পরিশোধ করলে গ্রাহক তাৎক্ষণিক ৫% ক্যাশব্যাক সুবিধা পাবেন।

এ উদ্যোগের মূল উদ্দেশ্য হলো, ক্যাশবিহীন ও ডিজিটাল পেমেন্ট ব্যবস্থাকে উৎসাহিত করা, "বাংলা কিউআর" লেনদেনের সংখ্যা ও পরিমাণ বৃদ্ধি করা, গ্রাহক সম্পৃক্ততা জোরদার করা এবং অংশগ্রহণকারী মার্চেন্ট ও গ্রাহকদের মধ্যে নগদ অর্থের বিকল্প হিসেবে "বাংলা কিউআর" ব্যবহারে আগ্রহ সৃষ্টি করা।

**ক্যাম্পেইনের বিস্তারিত বিবরণ নিম্নরূপ:**

| | | | |
|---|---|---|---|
| ১. | **ক্যাম্পেইনের নাম** | : | আন্তর্জাতিক ইসলামী বইমেলা ২০২৬ উপলক্ষে mCash-এর মাধ্যমে Bangla QR লেনদেনে তাৎক্ষণিক ৫% ক্যাশব্যাক ক্যাম্পেইন। |
| ২. | **ক্যাম্পেইনের স্থান** | : | বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব ও দক্ষিণ চত্বর, ঢাকা। |
| ৩. | **ক্যাশব্যাক প্রযোজ্য লেনদেন** | : | আন্তর্জাতিক ইসলামী বইমেলা ২০২৬-এর অংশগ্রহণকারী মার্চেন্ট আউটলেটসমূহে mCash গ্রাহক কর্তৃক Bangla QR ব্যবহার করে সম্পাদিত যোগ্য পণ্য বা সেবা ক্রয়ের পেমেন্ট লেনদেন। |

৪. **ক্যাশব্যাক সুবিধা:**

ক) লেনদেনের পরিমাণের ওপর ৫% হারে তাৎক্ষণিক ক্যাশব্যাক প্রদান করা হবে।
খ) ন্যূনতম লেনদেনের পরিমাণ ৫০(পঞ্চাশ) টাকা।
গ) একজন গ্রাহক প্রতিদিন সর্বোচ্চ ১০০ (একশত) টাকা ক্যাশব্যাক পাবেন।
ঘ) লেনদেন সফলভাবে সম্পন্ন হওয়ার সঙ্গে সঙ্গে ক্যাশব্যাকের অর্থ গ্রাহকের হিসাবে তাৎক্ষণিকভাবে/রিয়েল-টাইমে জমা হবে।

৫. **ক্যাম্পেইনের সময়কাল:**

আন্তর্জাতিক ইসলামী বইমেলা ২০২৬-এর নির্ধারিত মেয়াদকালব্যাপী।